

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৩৯

২৫/ সদ্যবহার ও পারস্পরিক সম্পর্ক বজায় রাখা (ﷺ) পরিচ্ছেদঃ ২৬. পরস্পরের মাঝে সংশোধন করা

باب مَا جَاءَ فِي إِصْلاَحِ ذَاتِ الْبَيْنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، ح قَالَ وَحَدَّثَنَا مَحْمُودُ بْنُ عَيْلاَنَ، حَدَّثَنَا بِشْرُ بْنُ السَّرِيِّ، وَأَبُو أَحْمَدَ قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُثْمَانَ بْنِ خُتَيْمٍ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَب، عَنْ أَسْمَاءَ بِنْتِ يَزِيدَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ عُثْمَانَ بْنِ خُتَيْمٍ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَب، عَنْ أَسْمَاءَ بِنْت يَزِيدَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ عَلْمُ الله عليه وسلم " لاَ يَحِلُّ الْكَذِبُ إِلاَّ فِي ثَلاَث يُحَدِّثُ الرَّجُلُ امْرَأَتَهُ لِيُرْضِيهَا صلى الله عليه وسلم " لاَ يَحِلُّ الْكَذِبُ إِلاَّ فِي ثَلاَث يُحَدِّثُ الرَّجُلُ امْرَأَتَهُ لِيُرْضِيهَا وَالْكَذِبُ فِي الْحَرْبِ وَالْكَذِبُ لِيُصلِحَ بَيْنَ النَّاسِ " . وَقَالَ مَحْمُودٌ فِي حَديثِهِ " لاَ يَصلُحُ الْكَذِبُ إِلاَّ فِي تَلاَث إِلاَّ فِي تَلاَث أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَديثِ أَسْمَاءَ إِلاَّ مِنْ حَديث أَبْن خُتُيْم .

وَرَوَى دَاوُدُ بْنُ أَبِي هَِٰنْدِ، هَذَا الْحَدِيثَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَب، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ أَسْمَاءَ . حَدَّثَنَا بِذَلِكَ مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ أَبُو كُرَيْبٍ حَدَّثَنَا ابْنُ أَبِي وَسلم وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ أَسْمَاءَ . حَدَّثَنَا بِذَلِكَ مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ أَبُو كُرَيْبٍ حَدَّثَنَا ابْنُ أَبِي وَلِي الْبَابِ عَنْ أَبِي بَكْرٍ .

বাংলা

১৯৩৯। আসমা বিনতু ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিনটি ক্ষেত্র ব্যতীত মিথ্যা বলা বৈধ নয়।

- (এক) স্ত্রীকে খুশি করার উদ্দেশ্যে তার সাথে স্বামীর কিছু বলা,
- (দুই) যুদ্ধের সময় এবং
- (তিন) লোকদের পরস্পরের মাঝে সংশোধন করার জন্য মিথ্যা কথা বলা।

অধঃস্তন রাবী মাহমূদ তার হাদীসে বলেছেন, তিনটি ক্ষেত্র ব্যতীত অন্য কোথাও মিথ্যা বলা ঠিক নয়।



সহীহ, সহীহাহ (৫৪৫), মুসলিম, "স্ত্রীকে সম্ভ্রষ্ট করার জন্য" এই অংশ ব্যাতীত হাদীসটি অনুরূপ বর্ণনা করেছেন উম্মু কুলসৃম হতে।

এ হাদীসটি হাসান। ইবনু খুসাইমের সূত্র ব্যতীত আসমা (রাঃ) বর্ণিত এ হাদীস আমরা অন্য কোন সূত্রে অবহিত নই। দাউদ ইবনু আবৃ হিন্দ-শাহর ইবনু হাওশাবের বরাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এ হাদীস বর্ণনা করেছেন। তাতে আসমা (রাঃ)-এর উল্লেখ নেই। মুহাম্মাদ ইবনুল আলা-ইবনু আবৃ যাইদা-দাউদ সূত্রে উক্ত হাদীস আমার নিকট এ রকম বর্ণনা করেছেন। এ অনুচ্ছেদে আবৃ বকর (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে।

English

Asma bint Yazid narrated that the Messenger of Allah said:
"it is not lawful to lie except in three cases: Something the man tells his wife to please her, to lie during war, and to lie in order to bring peace between the people."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন